# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 10 April, 2025

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) মো. ময়নুল ইসলামকে ইউরোপের দেশ পোল্যান্ডে বাংলাদেশের নতুন রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। বৃহস্পতিবার (১০ এপ্রিল) জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।প্রজ্ঞাপন অনুযায়ী, বর্তমানে অবসরোত্তর ছুটি (পিআরএল) ভোগরত ময়নুল ইসলামকে পিআরএল এবং সংশ্লিষ্ট সব সুবিধা স্থগিত করে দুই বছরের চুক্তিতে রাষ্ট্রদূতের দায়িত্ব দেওয়া হয়েছে। ]

প্রজ্ঞাপনে আরও বলা হয়, অন্য কোনো পেশা, ব্যবসা বা সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কর্মসম্পর্ক পরিত্যাগের শর্তে তাকে এই দায়িত্ব দেওয়া হয়েছে।

পোল্যান্ড রাষ্ট্রদূত আইজিপি মহাপরিদর্শক পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:57

URL: https://www.timestodaybd.com/national/588775807